দৈনিক বাংলা
তারিখ ... 15 OCT 1990
পৃষ্ঠা ... কলাম ...

### ১৯৭৩ সালের আদেশের লঙ্ঘন ঃ ভিসি

# বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা অনভিপ্রেত ঃ সিন্ডিকেট

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সরকারী সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করেছে। গতকাল অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সভায় বলা হয়, সিন্ডিকেটের সম্মতি ছাড়া সরকারী নির্দেশে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা ১৯৭৩ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশের পরিপন্থী ও অনভিপ্রেত।

ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে গতকাল বিকালে সিন্ডিকেটের এই জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় ভাইস চ্যান্সেলর বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার পর ক্যাম্পাসে উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে সিন্ডিকেট সদস্যদের অবহিত

(শেষ পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা অনভিপ্রেত ঃ সিন্ডিকেট

(প্রথম পৃঃ পর)

করেন।

সভায় কোর্স পদ্ধতি ও সনাতন পদ্ধতির আওতায় অনুষ্ঠিতব্য বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা আপাতত বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা সরকারী নির্দেশে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণাকে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের লংঘন বলে অভিহিত করেছেন।

প্রফেসর মিঞা গতকাল সকালে তাঁর বাসভবনে ইউএনবিকে বলেন, 'এ সিদ্ধান্তে ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় আদেশে সংরক্ষিত বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন লংঘিত হয়েছে।'

তিনি বলেন, 'বন্ধ ঘোষণার এ ধরনের সিদ্ধান্ত গ্রহণে সিন্ডিকেটই একমাত্র কর্তৃপক্ষ।'

সরকার শনিবার রাতে গতকাল থেকে রাজধানীর সকল শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার নির্দেশ প্রদান করে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের গতকাল সকাল ৭টার মধ্যেই হলসমূহ ত্যাগ করতে বলে।

ভাইস চ্যান্সেলর বলেন, 'পরিস্থিতিও তেমন দাঁড়ায়নি, বা আমাদেরও বিশ্ববিদ্যালয় বন্ধের কোন পরিকল্পনা ছিল না।'

তিনি আরো জানান, 'এ সিদ্ধান্ত সর্বতোভাবেই সরকারের, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষেরনয়।'

### ভার্সিটি শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সাধারণ সভা সভাপতি অধ্যাপক ইয়াজউদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নরূপ প্রস্তাব গৃহীত হয় ঃ

যে প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয় বন্ধ করা হয়েছে, সেটা ১৯৭৩ সালের অধ্যাদেশের পরিপন্থী এবং এই সভা তার নিন্দা করছে।

বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম অবিলম্বে চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য এই সভা উপাচার্য ও সিন্ডিকেট সদস্যদের প্রতি দাবীজানাচ্ছে।